গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার
রামগতি, লক্ষ্মীপুর।

স্মারক নং-০৫.৪২.৫১৭৩.০০০.৯৯.০১৫.২৬- ০১

তারিখঃ ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## ১৪৩৩-১৪৩৫ বাংলা সনের জন্য বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর আলোকে অনূর্ধ্ব ২০ একর পর্যন্ত বদ্ধ খাস জলমহাল ৩ (তিন) বছর মেয়াদে ১৪৩৩ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ১৪৩৫ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত অত্র উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদনের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন/দরপত্র আহবান করা যাচ্ছে।

### ১৪৩৩-১৪৩৫ বাংলা ০৩ (তিন) বছর মেয়াদে ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তালিকা:

| ক্রম | বদ্ধ জলমহাল/পুকুরের নাম | ইউনিয়ন | তফসিল | বিগত ৩ বছরের গড় ইজারা মূল্য (১৪২৯-১৪৩১ বাংলা) | ৫% বৃদ্ধিসহ ১৪৩৩-১৪৩৫ বাংলা সনের সম্ভাব্য ইজারা মূল্য (সরকারি মূল্য) | দরপত্র ক্রয় মূল্য (দরপত্র মূল্য) | ইজারা মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চর আলেকজান্ডার বাজার খাস পুকুর। | আলেকজান্ডার পৌর | মৌজা: চর আলেকজান্ডার, খতিয়ান: ০১, দাগ: ৫১৩১, জমি: ০.৩৬৮৭ | ২৯,০০০/- | ৩০,৪৫০/- | ৫০০/- | ১৪৩৩-১৪৩৫ বাংলা ০৩ (তিন) বছর |
| ০২ | চর আফজল খাস পুকুর। | চর রমিজ | মৌজা: চর আফজল ফকিরা, খতিয়ান: ০১, দাগ: আর. এস ১২১৬, জমি: ০.২৯ একর | ৭,১০০/- | ৭,৪৫৫/- | ৫০০/- | ১৪৩৩-১৪৩৫ বাংলা ০৩ (তিন) বছর |

অনলাইনে দরপত্রের সময়সূচী ও গৃহীত কার্যক্রম নিম্নরূপঃ

| ক্র নং | তারিখ | গৃহিতব্য কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল (এ ওয়েব সাইডে jm.lams.gov.bd) |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |

CamScanner

| | | |
|---|---|---|
| ০৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ১ বৈশাখ ( ১৪ এপ্রিল) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

## শর্তসমূহ

১। ইজারা মূল্য নির্ধারিত কোর্ডে ১৫ চৈত্র তারিখের মধ্যে সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

২। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল/পুকুর ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

৩। নির্ধারিত ফরমে আবেদন পত্র দাখিলের সময় সমিতিতে সদস্যদের নামের তালিকা (ঠিকানা) সহ এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা) সহ সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপিটি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৪। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল/পুকুর ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তবে সে সমিতি কোন সরকারী জলমহাল / পুকুর বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

৫। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলো বর্তমান কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে প্রযোজ্য) কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন মৎস্যজীবি সংগঠন সমিতির জন্য অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

৬। যদি সংশ্লিষ্ট জলমহাল/পুকুর নিকটবর্তী সংগঠন পাওয়া না যায়, তা হলে সে ক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী জেলা/উপজেলা মৎস্যজীবি সংগঠন/সমিতি পুকুর বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৭। লিজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাব লিজ অথবা কোন ব্যক্তি/ গোষ্ঠি কে হস্তান্তর করতে পারবেন না বা অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি এরুপ করা হয়ে থাকে তবে উক্ত লিজ বাতিল করে জমাকৃত লিজমানি সরকারী অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লিজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর জলমহাল/ পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

৮। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুইটির অধিক জলমহাল/পুকুর ইজারা বন্দোবস্ত পাবে না।

৯। জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদনে উল্লেখিত ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসেবে সোনালী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি) বরাবর আবেদনের সাথে দাখিল করতে হবে। লিজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লিজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লিজ প্রাপ্ত হয়নি এমন সমিতিকে ব্যাংক ড্রাফট /পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১০। প্রাপ্ত আবেদন সমূহ উপজেলা জলমহাল কমিটি কর্তৃক গৃহীত হলে উক্ত সমিতিকে সমুদয় ইজারা মূল্য এবং সেই সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর প্রজ্ঞাপনের নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল করা হবে।

১১। সরকারী জলমহাল/পুকুর ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

CamScanner

১২। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বা ইজারা প্রদান/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং উক্ত জলাশয় সমূহে সরকারের যেকোন উন্নয়ন মূলক কর্মকান্ড গ্রহণের ক্ষেত্রে ইজারা গ্রহীতা সরকারি কর্তৃপক্ষের প্রবেশে বাধা দিতে পারবে না ।

১৩। ইজারা মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১৪। মৎস্যজীবি সংগঠন ও সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল/ পুকুর এর মৎস্যচাষ / উৎপাদন সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনার রুপরেখা সংযুক্ত করতে হবে।

১৫। যে সকল সমিতি পূর্বের গৃহীত জলমহালের ইজারামূল্য পরিশোধ করেন নাই বা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইয়াছে ঐ সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর ইজারায় অংশগ্রহণ করতে পারবেন না।

১৬। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর বিধিবিধান মেনে চলতে হবে।

০৪/০১/২৬
(নিলুফা ইয়াসমিন নিপা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
রামগতি, লক্ষ্মীপুর।

স্মারক নং-০৫.৪২.৫১৭৩.০০০.৯৯.০১৫.২৬- ০১

তারিখঃ ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ।
৫। উপজেলা ................................................কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর।
৬। জনাব,..................................................................................................
৭। চেয়ারম্যান, আলেকজান্ডার, চর আলগী, চর রমিজ, চরগাজী ইউনিয়ন পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ভূমি অফিস/চর আলগী/চর বাদাম/বড়খেরী/চর রমিজ ইউনিয়ন ভূমি অফিস, রামগতি, লক্ষ্মীপুর।
০৯। অফিস কপি।

০৪/০১/২৬
সহকারী কমিশনার (ভূমি) (অঃদাঃ)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
রামগতি, লক্ষ্মীপুর।

CS CamScanner